

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬০

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৩৮. যে ব্যক্তি আল্লাহ্র 'ইবাদাতে কোন কিছুকে শারীক না করে মৃত্যুবরণ করল সে জান্নাতে প্রবেশ করবে।

بَابِ مَنْ مَاتَ لَا يُشْرِكُ بِاللَّهِ شَيْئًا دَخَلَ الْجَنَّةَ (134)

## আরবী

. حَدِيْثُ أَبِيْ ذَرِّ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم وَعَلَيْهِ ثَوْبٌ أَبْيَضُ وَهُو نَائِمٌ ثُمَّ أَتَيْتُهُ وَقَدْ اسْتَيْقَظَ فَقَالَ مَا مِنْ عَبْدٍ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللهُ ثُمَّ مَاتَ عَلَى أَبْيَضُ وَهُو نَائِمٌ ثُمَّ أَتَيْتُهُ وَقَدْ اسْتَيْقَظَ فَقَالَ مَا مِنْ عَبْدٍ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللهُ ثُمَّ مَاتَ عَلَى ذَلِكَ إِلاَّ دَخَلَ الْجَنَّةَ قُلْتُ وَإِنْ رَنَى وَإِنْ سَرَقَ قَالَ وَإِنْ سَرَقَ قُلْتُ وَإِنْ سَرَقَ قَالَ وَإِنْ رَنَى وَإِنْ سَرَقَ عَلَى سَرَقَ قَالَ وَإِنْ زَنَى وَإِنْ سَرَقَ عَلَى مَرْقَ قَالَ وَإِنْ زَنَى وَإِنْ سَرَقَ عَلَى رَغْمِ أَنْفُ أَبِي ذَرِّ وَكَانَ أَبُو ذَرِّ إِذَا حَدَّثَ بِهَذَا قَالَ وَإِنْ رَغِمَ أَنْفُ أَبِي ذَرِّ وَكَانَ أَبُو ذَرِّ إِذَا حَدَّثَ بِهَذَا قَالَ وَإِنْ رَغِمَ أَنْفُ أَبِي ذَرِّ

## বাংলা

৬০. আবূ যার (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম। তাঁর পরিধানে তখন সাদা পোশাক ছিল। তখন তিনি নিদ্রিত ছিলেন। কিছুক্ষণ পর আবার এলাম, তখন তিনি জেগে গেছেন। তিনি বললেনঃ যে কোন বান্দা 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলবে এবং এ অবস্থার উপরে মারা যাবে, সে জান্নাতে প্রবেশ করবে। আমি বললামঃ সে যদি যিনা করে, সে যদি চুরি করে? তিনি বললেনঃ যদি সে যিনা করে, যদি সে চুরি করে তবুও।

আমি জিজেস করলামঃ সে যদি যিনা করে, সে যদি চুরি করে তবুও? তিনি বললেনঃ হ্যাঁ, সে যদি যিনা করে, সে যদি চুরি করে তবুও। আমি বললামঃ যদি সে যিনা করে, যদি সে চুরি করে তবুও? তিনি বললেনঃ যদি সে যিনা করে, যদি সে চুরি করে তবুও? তিনি বললেনঃ যদি সে যিনা করে, যদি সে চুরি করে তবুও। আবূ যার এর নাসিকা ধূলায় ধূসরিত হলেও। আবূ যার (রাযি.) যখনই এ হাদীস বর্ণনা করতেন তখন আবৃ যারের নাসিকা ধূলায় ধূসরিত হলেও বাক্যটি বলতেন।

আবূ 'আবদুল্লাহ (ইমাম বুখারী) বলেনঃ এ কথা প্রযোজ্য হয় মৃত্যুর সময় বা তার পূর্বে যখন সে তওবা করে ও লজ্জিত হয় এবং বলে 'লা ইলাহা ইল্লাল্লাহ', তখন তার পূর্বের গুনাহ মাফ করে দেয়া হয়।

## ফুটনোট



সহীহুল বুখারী, পর্ব ৭৭ : পোশাক, ২৪, হাঃ ৫৮২৭; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৪০ হাঃ ৯৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন